# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 FEBRUARY 2025** **7:35—7:40**

---

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি দল গতকাল গুয়াহাটীতে রাজ্য সরকারের প্রশাসনিক আধিকারিক তথা জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয় । উপ-নির্বাচন আয়ুক্ত মনীষ গর্গ নেতৃত্বাধীন চারজনের দলটি প্রথমে রাজ্যের মূখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের সঙ্গে আলোচনায় অংশ নেন । এই বৈঠকে অতিরিক্ত মূখ্য নির্বাচনী আধিকারিক সহ বেশকয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন । এই আলোচনার পর নির্বাচন কমিশনের দলটি রাজ্যের প্রতিটি জেলার আয়ুক্ত এবং নির্বাচনী আধিকারিকদের সঙ্গেও আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন । দলটি রাজ্য সরকারের মূখ্য সচিব ,পুলিশ সঞ্চালক প্রধান , আসাম পুলিশের আইন শৃঙ্খলা শাখার মহা পরিদর্শক ,প্রতিটি জেলার প্রবীণ পুলিশ সুপার , কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী ,সীমান্ত সুরক্ষা বাহিনী এবং অন্যান্য নিরাপত্তারক্ষী সংস্থাগুলির সঙ্গেও সুরক্ষা সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করে । এদিকে আগামী ১৭ ফেব্রুয়ারী মূখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ,নির্বাচন কমিশনার ড.সুখবীর সিং সান্ধু এবং ড.বিবেক যোশীকে নিয়ে গঠিত কমিশনের পূর্ণাঙ্গ দল আসামে এসে রাজ্যের নির্বাচনী প্রস্তুতি পর্যালোচনা করা সহ সাম্প্রতিক পরিস্থিতির খোঁজ নেবে ।

---

আসাম সরকার আজ থেকে চা শ্রমিকের মধ্যে জমির পাট্টার প্রপত্র বিতরণ করবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা দিনজয় চা বাগান থেকে কেন্দ্রীয়ভাবে প্রপত্র বিতরণের কাজের সূচনা করবেন এবং রাজ্যের ৮৩৬ টি বাগানে প্রপত্র বিতরণের কাজ আরম্ভ হবে । পাট্টা লাভ করা জমি ২০ বছর পর্যন্ত বিক্রয় করা যাবে না এবং ২০ বছর পর বিক্রয় করতে হলে একই বাগানের শ্রমিকের কাছে বিক্রয় করতে হবে ।

---

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া পাহাড় জেলার থাংস্কো অঞ্চলের কয়লা খনিতে বিস্ফোরণের ফলে সন্ধানহীন শ্রমিকদের উদ্ধার  অভিযান অব্যাহত রয়েছে । জাতীয় দূর্যোগ মোকাবিলা বাহিনী , রাজ্য দূর্যোগ মোকাবিলা বাহিনী , বিশেষ উদ্ধারকারী দল , পুলিশ এবং জেলা প্রশাসন উদ্ধার অভিযানে যুক্ত রয়েছে ।  এপর্যন্ত কয়লা খনি বিস্ফোরনে ২৭ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করা হয়েছে । বিস্ফোরণের ফলে ক্ষতিগ্রস্থ খনিতে আজ  পুনরায় তল্লাশি অভিযান চালানো হবে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসন ও বন বিভাগের যৌথ উদ্যোগে পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অধীন দোহালিয়া ও বাদশাহী সংরক্ষিত বনাঞ্চলে  উচ্ছেদ অভিযান চালিয়ে জমি দখল মুক্ত করা হয়েছে  । বনাঞ্চলের প্রায় এক হাজার বিঘা জমি দখলমুক্ত করার জন্য এই অভিযান চালানো হয়েছে । জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে অঞ্চলটিতে বসবাস করা ৯৯৫ টি পরিবারকে ইতিপূর্বে নোটিশ জারি করা হয়েছিল । এরপর অধিকাংশ পরিবার স্বেচ্ছায় দখল করা জমি মুক্ত করে দেন  । বাকী থাকা পরিবারগুলোকে উচ্ছেদ করার জন্য গতকাল থেকে  উচ্ছেদ অভিযান শুরু করা হয় । এই অভিযানে প্রায় ৩০০ বন কর্মী , ৪০ জন শ্রমিক এবং ৪৫ টি বুল্ডোজার ব্যবহার করা হচ্ছে । তিনদিনের মধ্যে উচ্ছেদ অভিযান সম্পূর্ণ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে বলেও জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগ  থেকে জানানো হয়েছে যে শিলচর হাসপাতাল রোড পয়েন্ট থেকে শ্মশান রোড পর্যন্ত সড়ক সংস্কার কাজের জন্য জন্য আগামী বৃহস্পতিবার ,১২ ই ফেব্রুয়ারী পর্যন্ত প্রতিদিন রাত ১০ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত এই সড়ক বন্ধ থাকছে । জনসাধারণকে এই সময়ে বিকল্প সড়ক ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে আগামী ১১ ফেব্রুয়ারী থেকে ১৬ই মার্চ পর্যন্ত অনুষ্ঠেয় উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার জন্য বিভিন্ন জেলা সহ বরাক উপত্যকার তিন জেলায়ও বেশকিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । এই নিষেধাজ্ঞা অনুসারে পরীক্ষা কেন্দ্রের ভিতরে এবং পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদন ছাড়া কোনো ব্যাক্তির প্রবেশ  এবং যানবাহন রাখার ক্ষেত্রে নিষেধাজ্ঞা রয়েছে । এছাড়া পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা হলে মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস বহন করা কঠোরভাবে নিষিদ্ধ থাকবে । পরীক্ষা কেন্দ্রের একশ মিটারের মধ্যে কোন প্রকার খাদ্য সামগ্রীর দোকান

দেবার ক্ষেত্রেও নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । পরীক্ষা প্রক্রিয়া শেষ না হওয়া পর্য্যন্ত এই নির্দেশ বহাল থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

৭৯সম সন্তোষ ট্রফি ফুটবল প্রতিযোগীতায় সার্ভিসেস বিজয়ী হয়েছে । গতকাল ঢকুয়াখানার বিষ্টুরাম দলে ক্রিড়া প্রকল্পে অনুষ্ঠিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় সার্ভিসেস দল ১-০ গোলে কেরালাকে পরাজিত করে । নির্ধারিত সময় গোল শূন্য থাকায় , অতিরিক্ত সময়ের ১০৯ মিনিটে সার্ভিসেসের অভিষেক পাওয়ার একমাত্র গোলটি করেন । ফাইনালে শিক্ষামন্ত্রী ডক্টর রনোজ পেগু সহ অসম ফুটবল সংস্থার সভাপতি নব কুমার দোলে প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------